কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের

বিনামূল্যে রক্তের গ্রুপ

নির্ণয়

“হাঁসি মুখে রক্ত দান, বাঁচাতে পারে লক্ষ প্রাণ” এই প্রতিপাদ্য নিয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও সদস্য সংগ্রহ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার দিনব্যাপী স্থানীয় মেইন বাসস্ট্যান্ড এলাকায় এই কর্মসূচি অনুষ্ঠিত হয়।

ব্লাড ব্যাংকের সভাপতি শেখ মশিয়ার রহমানের সভাপতিত্বে কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, ব্লাড ব্যাংকের পরিচালক মোঃ ওমর ফারুক, সহকারি পরিচালক প্রভাষক মোঃ আলমগীর হোসেন, সহ-পরিচালক মোঃ আব্দুস সালাম, সাধারণ সম্পাদক মোঃ জুবায়ের সহ-কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

ক্যাম্পেইনে ৫শ জনকে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা প্রদান এবং সে¦চ্ছায় রক্ত প্রদানে ৫০ থেকে ৬০ জন সদস্য তালিকা ভুক্ত হয়েছেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে

মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে

ওড়েনি জাতীয় পতাকা!

২১শে ফেব্রুয়ারি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জাতিয় পতাকা অর্ধনমিত রাখা হয়নি।

সরেজমিনে দুপুরে গিয়ে দেখা যায় সেখানে কোন জাতীয় পতাকা ওড়ানো হয়নি। কালীগঞ্জে মুক্তিযোদ্ধা সংসদের কোন কমিটি না থাকায় বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের দায়ীত্বে রয়েছে।

২১শে ফেব্রয়ারির সকল ভাষা শহীদদের স্মরণে দেশের সকল সরকারি বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ থাকলেও, তা অমান্য করে পতাকাই ওঠেনি মুক্তিযোদ্ধাদের সম্মানে তৈরি করা এই মুক্তিযোদ্ধা ভবনে।

এ ব্যাপারে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুর্বণা রানী সাহার কাছে জানতে চাইলে তিনি জানান, নিয়মিত ভবনটিতে পতাকা উত্তোলন করা হয়। আজ কেন হয়নি সেই ব্যাপারে আমি এখনও অবগত না। এ ব্যাপারে আমি এখনই ব্যবস্থা নিচ্ছি।

সদ্য সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার হেলার উদ্দিন সরদার বলেন, আমাদের চার্জে এখন উপজেলা নির্বাহী অফিসার। শুনেছি ভাষা দিবসের মিটিং হয়েছে কিন্তু আমাকে কোন চিঠি দেওয়া হয়নি তাই এ ব্যাপারে আমি অবগত না। ভাষার জন্য যুদ্ধ আর কোন জাতি করেনি তাইতো এই দিনটি পেয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সম্মান। আমি এর ঠিক জবাব ও বিচার চাই।

বিষয়টি নিয়ে কালীগঞ্জের বিভিন্ন মহলে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জীবননগর নব নির্বাচিত মেয়র রফিকুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা

জীবননগর পৌর সভার নব-নির্বাচিত মেয়র রফিকুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়েছে। গতকাল রবিবার সকাল ১১টার সময়

সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজকল্যাণ সংস্থার উদ্দোগে জীবননগর উপজেলা পরিষদে জীবননগর পৌর সভার নব-নির্বাচিত মেয়র মোঃ রফিকুল ইসলাম রফিককে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন নব-নির্বাচত কাউন্সিলর সোয়েব আহম্মেদ অঞ্জন, জামাল হোসেন খোকন, সাংবাদিক মাজেদুল মিল্টন, শিকড় সমাজকল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হোসেন আহম্মেদ, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সম্পাদক লাবনী, সদস্য সাদিয়া, ঐশ্বর্য সাহা, ওমর ফারুক, সম্রাট, রমজান প্রমুখ।

চুয়াডাঙ্গায় নারীদের উদ্যোক্তা মেলা শুরু

চুয়াডাঙ্গায় তিন দিনব্যাপী নারীদের উদ্যোক্তা মেলা শুরু হয়েছে। রবিবার সকালে শহরের হোটেল সাহিদ প্যালেসে কেক কেটে মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন।

মেলার উদ্বোধনী পর্বে বিশেষ অতিথি ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।

মেলায় নারী উদ্যোক্তাদের বিভিন্ন পণ্যের ৩১টি স্টল স্থান পেয়েছে। তরুণ উদ্যোক্তা চুয়াডাঙ্গা শহরের বাসিন্দা মেরিনা জামান মমি এ মেলার আয়োজন করেন।

মেলায় আগতরা জানান, চুয়াডাঙ্গা শহরের এ ধরনের আয়োজন নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে সহযোগিতা করবে।

মুজিবনগরে মাতৃভাষা দিবস উপলক্ষে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধাঞ্জলী প্রদান

২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে মুজিবনগরে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেছেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ।

রবিবার ২১ এর প্রথম প্রহরে মুজিবনগর উপজেলা পরিষদ শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন ও সাধারন সম্পাদক আরিফ শাহ্’র নেতৃত্বে পুষ্পমাল্য অর্পনের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহব্বায়ক সাইদুর রহমান, রিপন আলী, আল মামুন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওমর ফারুক,

সাংগঠনিক সম্পাদক জহির আলী, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক আবু নাঈম ডালিম,স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়াসিমসহ ইউনিয়ন ও ওয়ার্ডের নেতাকর্মীরা।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালন

মেহেরপুরের গাংনীতে বিনম্র শ্রদ্ধা, যথাযথ মর্যাদায় অমর একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে ভাষা শহীদদের স্মরণের মাধ্যমে ‘মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ পালিত হয়েছে। ভাষার জন্য জীবন উৎসর্গকারী শহীদদের স্মরণে শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন গাংনী উপজেলার সর্বস্তরের মানুষ।

একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহর ১২টা ১ মিনিটে গাংনী উপজেলা পরিষদ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন সরকারি-বেসরকারি, রাজনীতিকসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ।

প্রথম প্রহরে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্ন্তাাজিতক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালন করা হয়েছে। ১২ টা ১ মিনিটে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক উপজেলা পরিষদ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন। পরে ভাষা শহীদদের শ্রদ্ধা জানাতে এক মিনিট নিরবতা পালন করা হয়।

উপজেলা আওয়ামীলীগের পক্ষে মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে একটি বিশাল র্যালী গাংনীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ।

এসময় জাতীয় পতাকা উত্তোলন ও আর্ন্তজাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে আলোচনসভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,ও উপজেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দসহ সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহামেদ,বামুন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম,মনিরুল ইসলাম মাস্টার,নুরজাহান বেগমসহ ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

আলোচনার শুরুতে ভাষা শহীদদের প্রতিশ্রদ্ধা নিবেদনে এক মিনিটের নিরবতা পালনসহ তাদের আত্নার মাগফেরাত কামনায় দোয়া মোনাজত পরিচালনা করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান শহীদ ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। একুশের প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে হাজারো মানুষের সুনশান নিরবতা ভেঙ্গে রাত ০০.১ মিনিটে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে দিবসটি পালন শুরু করা হয়।

প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শহীদ বেদীতে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন ও পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পারকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকিসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

পরে একে একে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাবসহ সর্বস্তরের মানুষ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা আর একুশের চেতনা বাস্তবায়নের শপথ ও দোয়া করা হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে সকাল ৮টায় সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে থেকে প্রভাত ফেরী বের করা হয়।

প্রভাতফেরী র্যালীটি শহরের প্রধাণ প্রধাণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্তর শেষ হয়। এতে উপজেলা চেয়ারম্যান, নির্বাহী অফিসার, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ফায়ার সার্ভিস,

রোভার স্কাউট সহ নানা শ্রেণী-পেশার মানুষ অংশ নেন। পরে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

দেশের বাজারে এলো আইটেলের প্রথম টিভি

গত ১০ বছর বিশ্বব্যাপী মোবাইল ইন্ডাস্ট্রিতে মূল ভূমিকা পালন করে আসছে ট্রানশান হোল্ডিংসের অন্যতম সেরা ব্র্যান্ড আইটেল। ব্র্যান্ডটি বিশ্বাস করে প্রতিটি মানুষের জীবন-যাপন হবে সুস্থ এবং সুন্দর। তাই বাংলাদেশের বাজারে পণ্যসম্ভার আরও সম্প্রসারণের লক্ষ্যে আজ আইটেল ‘এ’ সিরিজ টিভি নিয়ে আসার ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি।

দেশের বাজারে কোম্পানিটির প্রথমবারের মতো নিয়ে আসা এ সিরিজের টিভি ‘আইটেল এ৩২১’ এর উজ্জ্বল রঙ কক্ষ জুড়ে ছড়িয়ে দিবে আলো। টিভিতে দর্শকরা যে ধরনের স্ক্রিন দেখতে চায় সেভাবেই ডিজাইন করতে আইটেল এ৩২১ তে আধুনিক ক্যানভ্যাস ব্যবহার করা হয়েছে। এ টেলিভিশনে দর্শকদের জানানো, শেখানো এবং বিনোদন দেওয়াকে প্রাধান্য দেয়া হয়েছে।

বাজারে পণ্যসম্ভার সম্প্রসারণের পাশাপাশি, আইটেল তার মূললক্ষ্য পূরণে গ্রাহকদের নিত্য নতুন সুবিধা দিতে চায়। যা তাদের এগিয়ে চলার পথকে একটি সক্রিয় অনুসন্ধানে রূপান্তর করতে সহায়তা করবে। টেলিভিশনটিতে যুক্ত করা সব যন্ত্রাংশ আইটেলের সু-প্রতিষ্ঠিত সরবরাহ চেইন নেটওয়ার্ক থেকে আসবে যা ওভারভোল্টেজের সুরক্ষাসহ একটি কমপ্যাক্ট স্লিক ডিজাইন এবং দীর্ঘস্থায়িত্ব উভয়েরই গ্যারান্টি দিবে। এছাড়াও আইটেল এ৩২১ টিভিতে ৫টি বিল্ট-ইন গেমস, সুপার পিকচার কোয়ালিটি, ২০ডব্লিউ স্টেরিও স্পিকার এবং মাল্টি-ইনপুট পোর্ট সুবিধা পাওয়া যাবে।

কার্লকেয়ার সার্ভিস সেন্টারের অনুমোদনসহ আইটেলের সকল টেলিভিশনে ১০০ দিনের রিপ্লেসমেন্ট এবং ৪ বছরের প্যানেল ওয়ারেন্টি সুবিধা

পাওয়া যাবে। সকলের কাছে নতুন নতুন প্রযুক্তির অভিজ্ঞতা পৌঁছে দিতে এবং প্রযুক্তি ব্যবহারে জীবনকে আরও উপভোগ্য করে তুলতে প্রযুক্তির প্রাপ্যতা বাড়ানোর লক্ষ্যে আইটেলের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

সব জেনেশুনেই তামিমাকে বিয়ে করেছেন নাসির!

বাংলাদেশের জাতীয় দলের ক্রিকেটার নাসির হোসেনকে নিয়ে আলোচনা- সমালোচনা যেন থামছেই না। বিশ্ব ভালোবাসা দিবসে কেবিন ক্রু তামিমা তাম্মিকে বিয়ে করেছেন এই ক্রিকেটার। গত ১৭ ফেব্রুয়ারি হলুদ ও ১৯ ফেব্রুয়ারি হয়েছে বিবাহোত্তর সংবর্ধনাও। এরইমধ্যে অভিযোগ ৮ বছরের কন্যাকে রেখে আগের স্বামীকে তালাক না দিয়েই নাসিরের সঙ্গে বিয়ে করেছেন স্ত্রী তামিমা তাম্মি।

শনিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে রাইসা ইসলাম বাবুনি নামক এক ফেসবুক ব্যবহারকারীর একটি পোস্ট ভাইরাল হয়। যেখানে তামিমার স্বামী রাকিবের পক্ষে দাবি করা হয়েছে, এখনও তাদের মধ্যে বৈবাহিক সম্পর্ক রয়েছে। তাদের ঘরে রয়েছে ৮ বছর বয়সী একটি মেয়ে সন্তানও। তালাক না দিয়ে নতুন বিয়ে করায় তামিমার বিরুদ্ধে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন রাকিব।

ফেসবুকে ভাইরাল হওয়া ওই পোস্টে রাকিবের সঙ্গে নাসিরের একটি অডিও কলও রয়েছে। যেখানে ক্রিকেটার নাসির হোসেনের একটি ফোন রেকর্ড মিলেছে যেখানে রাকিবকে ফোন করে জিডি করার ব্যাপারটি ধামাচাপা দিতে বলেন নাসির।

রাকিবের প্রশ্ন ছিল আপনি কি তামিমা সম্পর্ক সব কিছু জানেন?” উত্তরে নাসির হোসেন বলেন তার সব কিছু জেনেশুনেই আমি তাকে বিয়ে করেছি। তার বাচ্চা আছে, তার আগেও বয়ফ্রেন্ড ছিল সবকিছুই আমি জানি। আপনার বৌ আপনার সাথে ভালো থাকলে নিশ্চই আপনার ১১ বছরের সংসার ভেঙ্গে আমার কাছে চলে আসতো না।”
২০১১ সালে রাকিবের সঙ্গে তামিমার বিয়ে হয়।

বিষয়টি নিয়ে নাসিরের বড় ভাই নাসিম হোসেনের কাছে জানতে চাওয়া হয়। তিনি বলেন, আপাতত মন্তব্য করতে চাচ্ছেন না। তার ছোট ভাই খুব শিগগিরই গণমাধ্যমের সঙ্গে কথা বলবেন বলে জানান নাসিম।

‘অন্যের স্ত্রী’ বিয়ে, নাসিরকে সাবেক প্রেমিকার অভিনন্দন

বিশ্ব ভালোবাসা দিবসে (১৪ ফেব্রুয়ারি) তামিমা তাম্মিকে বিয়ে করেন ক্রিকেটার নাসির হোসেন। আর ১৯ ফেব্রুয়ারি করেন বিবাহোত্তর সংবর্ধনা। তবে অভিযোগ উঠেছে, আগের স্বামীকে তালাক না দিয়েই নাসিরকে বিয়ে করেছেন তামিমা তাম্মি।

তামিমার স্বামী দাবি করা রাকিব এ বিষয়ে থানায় জিডি করেছেন।

এদিকে নাসিরের সাবেক প্রেমিকা অভিনেত্রী হুমায়রা সুবাহও কথা বলেছেন। অন্যের বউ বিয়ে করায় তিনি নাসিরকে অভিনন্দনও জানিয়েছেন। গণমাধ্যমের একটি সংবাদ নিজ ব্যক্তিগত ফেসবুক আইডিতে শেয়ার করেন হুমায়রা। ফিলিং মুড দিয়েছেন ‘স্যাড’। আর লিখেছেন, ‘কিছুই বলার নেই’ বাই দ্যা ওয়ে ‘অভিনন্দন’।

অপরদিকে রাধানীর উত্তরা পশ্চিম থানায় নাসিরের বিরুদ্ধে জিডিও করেছেন রাকিব। বিষয়টি নিশ্চিত করেছেন উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাও (ওসি) শাহ মো. আক্তারুজ্জামান ইলিয়াস।

রাকিব পুলিশকে জানান, ২০১১ সালের ২৬ ফেব্রুয়ারি তিন লাখ টাকা দেনমোহরে তাদের বিয়ে হয়। গেল ১১ বছরে স্ত্রীর পড়াশোনা থেকে শুরু করে জব সবক্ষেত্রেই তিনি সাহায্য করেছেন।

তিনি বলেন, আমার আট বছরের একটি মেয়ে আছে। এখনও আমাদের ডিভোর্স হয়নি। কোনো নোটিশ ছাড়া কীভাবে আমার স্ত্রী ৮ বছরের বাচ্চাকে ফেলে অন্য একজনকে বিয়ে করল, সেটাই আমি বুঝতে পারছি না।’